


বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

পুরাতন মালামাল বিক্রয়ের বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের স্টোর রুমে পড়ে থাকা মেরামত অব্যবহার অনুপযোগী কম্পিউটার ও আইটি মালামাল নিলামে বিক্রয়ের (নথি নং- ১৪৪/২০২৫-২৬) জন্য আগ্রহী প্রকৃত ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নগদ ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময় (অফেরৎযোগ্য) আগামী ১৭/০৫/২০২৬ খ্রি. তারিখ হতে ১০/০৬/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র সিডিউল বাংলাদেশ সুপ্রীম কোর্ট, প্রশাসনিক ভবন-৪ এর ২য় তলায় অবস্থিত ক্রয় শাখা (কক্ষ নং- ক-২০২) হতে সংগ্রহ করা যাবে। আগামী ১১/০৬/২০২৬ খ্রি. তারিখ হতে ১৫/০৬/২০২৬ খ্রি. দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সিডিউল বর্ণিত শর্তসাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ সীলমোহরকৃত দরপত্র বাংলাদেশ সুপ্রীম কোর্টে, হাইকোর্ট বিভাগের কক্ষ নং- ১০৭ এ সংরক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন ১৫/০৬/২০২৬ খ্রি. ১২.১৫ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্ত করা হবে।

অত্র কোর্টের নির্ধারিত সিডিউল ব্যতীত কোন দরপত্র গ্রহণ করা হবে না। কতৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংক্ষণ করেন।


১৩.০৫.২৬
(মোঃ ইকবাল হোসেন)
সহকারী রেজিস্ট্রার
(কোর্ট কীপিং)

ও

সদস্য

পুরাতন মালামাল বিক্রয় কমিটি।